# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
E-mail: info@bscic.gov.bd
web: www bscic.gov.bd


স্মারক নং-৩৬.০২.০০০০.০৩২.৯৯.৩৪৮.২০/৮৮৭(৯৫)

তারিখ : ০৭ অগ্রহায়ণ ১৪২৭ / ২২ নভেম্বর ২০২০

বিষয় : কর্মসংস্থান ব্যাংকের **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচির আওতায় বিসিকের প্রশিক্ষিত যুবাদের ঋণ সহায়তা প্রদানের জন্য কর্মসংস্থান ব্যাংক-এ তালিকা প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কর্মসংস্থান ব্যাংকের **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচির আওতায় বিসিক ও কর্মসংস্থান ব্যাংকের মধ্যে ১৮-১১-২০২০ তারিখে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding) সম্পাদিত হয়েছে (কপি সংযুক্ত)। সমঝোতা স্মারকের আওতায় বিসিকের প্রশিক্ষিত যুবাদের (১৮ থেকে ৩৫ বছর বয়সী) স্বল্পসুদে (৯% সরল সুদ) ও জামানতবিহীন ২০,০০০/- টাকা থেকে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হবে। উক্ত সমঝোতা স্মারক এর বিষয়ে কর্মসংস্থান ব্যাংকের শাখা কার্যালয়গুলোকে অবহিতকরণ এবং কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ সহায়তা প্রদানের বিষয়টি বিসিকের প্রশিক্ষিত যুবাদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে, সমঝোতা স্মারকের আলোকে বিসিকের সংশ্লিষ্ট কার্যালয়/বিভাগে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণসূচিতে "বিজনেস প্লান" তৈরির বিষয়টি অন্তর্ভুক্ত করা ও প্রশিক্ষণসূচিতে **'বঙ্গবন্ধু যুব ঋণ'** বিষয়ে ধারণা প্রদান করার জন্য কর্মসংস্থান ব্যাংক এর শাখা ব্যবস্থাপক/প্রতিনিধি কর্তৃক একটি সেশন পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, কর্মসংস্থান ব্যাংকের **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচির আওতায় বিসিকের প্রশিক্ষিত যুবাদের ডাটাবেজ/তালিকা সুপারিশসহ কর্মসংস্থান ব্যাংকে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

22/11/2020

(জি, এম, রব্বানী তালুকদার)
ব্যবস্থাপক
ঋণ প্রশাসন বিভাগ
বিসিক, ঢাকা।
ফোন: ০২-৯৫৫৫২১৫
ই-মেইল: gmrulkder@gmail.com

**বিতরণ :** কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. অধ্যক্ষ, স্কিটি, বিসিক, উত্তরা, ঢাকা
০২. মহাব্যবস্থাপক (উন্নয়ন), উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ, বিসিক, ঢাকা
০৩. উপ-মহাব্যবস্থাপক, প্রযুক্তি বিভাগ, বিসিক, ঢাকা
০৪. উপ-মহাব্যবস্থাপক/সহঃ মহাব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক,শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, ........................................
০৫. প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা
০৬. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, বিসিক, ........................................

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, দক্ষতা ও প্রযুক্তি/অর্থ/শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ/পরিকল্পনা ও গবেষনা/বিপণন, নকশা ও কারুশিল্প/প্রকৌশল ও প্রকল্পবাস্তবায়ন, বিসিক, ঢাকা
০২. আঞ্চলিক পরিচালক, বিসিক,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা- (আপনার নিয়ন্ত্রণাধীন কার্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
০৩. আইসিটি সেল প্রধান,বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)
০৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫. অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খখ ৪৫৮৮৫১৯

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**কর্মসংস্থান ব্যাংক**
**এবং**
**বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)**
**এর মধ্যে**
**সমঝোতা স্মারক**

কর্মসংস্থান ব্যাংক, বর্তমান ঠিকানা: ০১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
পক্ষে জনাব মোঃ তাজুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক -------**প্রথম পক্ষ**

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক),বর্তমান ঠিকানা: ১৩৭-১৩৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
পক্ষে জনাব মোঃ মোশ্‌তাক হাসান, এনডিসি, চেয়ারম্যান -------**দ্বিতীয় পক্ষ**

এ সমঝোতা স্মারক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** সমঝোতা স্মারক নামে অভিহিত হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন কর্মসংস্থান ব্যাংক কর্তৃক **'বঙ্গবন্ধু যুব ঋণ'** কর্মসূচির আওতায় প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় যুবনীতি ২০১৭ এর অনুচ্ছেদ নং-৫ এর আলোকে ১৮ থেকে ৩৫ বছর বয়সে বাংলাদেশের যে কোন নাগরিক যুব বলে গণ্য হবে। দেশের মোট জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ যুবশক্তিকে কাজে লাগিয়ে বেকারত্ব হ্রাস এবং দায়িত্ববান আত্মনির্ভরশীল দক্ষ প্রজন্ম দ্বারা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে কর্মোদ্যোগ (Start-up) হিসেবে স্বল্প সুদে যুবদের এ ঋণ প্রদান করা হবে। মুজিববর্ষে ঋণ কর্মসূচির আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মোট ২ লক্ষ (২০২০ সালে ১ লক্ষ এবং ২০২১ সালে ১ লক্ষ) বেকার যুবদের স্বল্প সুদে ও সহজ শর্তে জামানতবিহীন ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**২.০ উদ্দেশ্য :**

২.১ যুবদের মুক্তিযুদ্ধ ও দেশ প্রেমের চেতনায় উদ্বুদ্ধ, ন্যায়নিষ্ঠ, আধুনিক জীবনবোধসম্পন্ন ও আত্মমর্যাদাশীল মানুষ হিসেবে গড়ে তোলা;

২.২ যুবদের উন্নত মনন, মানবিকতা ও চিত্তের লালন এবং একবিংশ শতাব্দীর উপযোগী করে তাদের অন্তর্নিহিত সম্ভাবনা বিকাশের অনুকূল পরিবেশ সৃষ্টি করা;

২.৩ মাদক সন্ত্রাস ও দুর্নীতি দুষ্টচক্র হতে যুবদের রক্ষা করে উৎপাদনমুখী অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা;



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খখ ৪৫৮৮৫২০

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

২.৪ শ্রমবাজারে চাহিদার নিরিখে কর্মসংস্থানবান্ধব ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা;

২.৫ উদ্ভাবনী ধারণা সৃজনে উদ্বুদ্ধ করা এবং তা বাস্তবায়নে সহযোগিতা করা;

২.৬ উদ্যোক্তা হতে আগ্রহী যুবদের স্বল্প সুদে ঋণ প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করা;

২.৭ কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠান এবং শিল্প কারখানার জন্য দক্ষ জনবল তৈরি;

২.৮ সেমিনার, দলবদ্ধ আলোচনা, প্রকাশনা, প্রদর্শনী, শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনী অনুরূপ কার্যক্রমের মাধ্যমে সরকারি ও বেসরকারি সকল উদ্যোক্তাদের মধ্যে বিশেষ করে নারী উদ্যোক্তাদের মধ্যে শিল্প প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জ্ঞানের প্রসার ঘটানো;

২.৯ উল্লিখিত উদ্দেশ্য বাস্তবায়নের মাধ্যমে এসডিজি-এর লক্ষ্যমাত্রাসমূহ (বিশেষ করে ১, ২ এবং ৮, ৬) অর্জনে সহায়তা করা।

**৩.০ বাস্তবায়ন পদ্ধতি :**

**৩.১ বিসিক:**

৩.১.১ বিসিক হতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিভাবান, আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে আগ্রহী, নিজস্ব সম্পদ বিনিয়োগে সমর্থ ও নৈতিকতাসম্পন্ন যুবদের বাছাই করে তালিকা প্রণয়ন করা;

৩.১.২ প্রতি মাসের প্রথম সপ্তাহে জেলা এবং উপজেলা ভিত্তিক প্রশিক্ষণপ্রাপ্তদের ডাটাবেইজ/তালিকা কর্মসংস্থান ব্যাংকের নিকট সরবরাহকরণ;

৩.১.৩ প্রশিক্ষণ মডিউলে 'বিজনেস প্লান' তৈরির বিষয় অন্তর্ভুক্তকরণ;

৩.১.৪ কর্মসংস্থান ব্যাংকের শাখা ব্যবস্থাপক/সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক **'বংগবন্ধু যুব ঋণ'** বিষয়ে প্রশিক্ষণার্থীদের ধারণা প্রদান;

**৩.২ কর্মসংস্থান ব্যাংক:**

৩.২.১ **'বঙ্গবন্ধু যুব ঋণ'** নীতিমালার আওতায় বিসিক কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা অনুযায়ী প্রকল্পের গ্রহণযোগ্যতা যাচাই-বাছাই সাপেক্ষে যোগ্য উদ্যোক্তাদের অগ্রাধিকার ভিত্তিতে নিম্নোক্ত শর্তে ঋণ প্রদান করবে;

৩.২.১.১ ঋণের পরিমাণ ন্যূনতম ২০ (বিশ) হাজার থেকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত;

৩.২.১.২ পরিশোধের সময়সীমা সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর;

৩.২.১.৩ প্রকল্পের ধরণ অনুযায়ী কিস্তি মাসিক/ত্রৈমাসিক/যান্মাসিক/বাৎসরিক/এককালীন হবে;

৩.২.১.৪ সুদের হার ৯% সরল সুদ (পরিবর্তনযোগ্য);



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খখ ৪৫৮৮৫২১

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

৩.২.২ প্রতিমাসে ন্যূনতম একবার বিসিক এর সাথে সমন্বয় সভা করে প্রকল্পের অগ্রগতি, ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ;

৩.২.৩ কর্মসংস্থান ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ গ্রহীতাদের বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে চেয়ারম্যান বিসিককে সরবরাহকরণ;

**৪.০ মনিটরিং পদ্ধতি:**

**৪.১ বিসিক:**

৪.১.১ বিসিক এর ব্যবস্থাপক (ঋণ প্রশাসন শাখা) চেয়ারম্যানের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.১.২ ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং চেয়ারম্যানকে অবহিত করবেন; এবং

৪.১.৩ প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য বিসিক কর্তৃক অটোমেশনের অন্তর্ভূক্ত করা হবে;

**৪.২ কর্মসংস্থান ব্যাংক:**

৪.২.১ কর্মসংস্থান ব্যাংকের মহাব্যবস্থাপক (পরিচালন মহাবিভাগ) ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন;

৪.২.২ বিতরণকৃত ঋণের অর্থে বাস্তবায়িত প্রতিটি প্রকল্পের সরেজমিনে পরিদর্শন ও নিয়মিত কিস্তি আদায় নিশ্চিতকরণ; এবং

৪.২.৩ ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত যাবতীয় তথ্য কর্মসংস্থান ব্যাংক কর্তৃক অটোমেশনের অন্তর্ভুক্ত করা হবে;

**৫.০ তহবিল ব্যবস্থাপনা:**

৫.১ প্রশিক্ষণপ্রাপ্ত বেকার যুবদের ঋণের চাহিদা পূরণকল্পে বিসিকের আওতাধীন বিভিন্ন তহবিল স্থায়ী আমানত (FDR) হিসেবে কর্মসংস্থান ব্যাংকে সংরক্ষণের বিষয়ে অগ্রাধিকার প্রদান;

৫.২ কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব তহবিল এবং অন্যান্য ব্যাংক ও প্রতিষ্ঠান হতে তহবিল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

**৬.০ শ্রেণীকৃত ঋণ:**

এ কর্মসূচি বাস্তবায়নকালীন শ্রেণীকৃত ঋণ আদায়ে কর্মসংস্থান ব্যাংক এবং বিসিক যৌথভাবে পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়াও ঋণ আদায়ের স্বার্থে রাষ্ট্রীয় আইনের আওতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

**৭.০ অবসায়ন:**

সমঝোতা স্মারক বাস্তবায়নে কোনো ধরণের সমস্যা দেখা দিলে তা নিরসন এবং কোনো সুপারিশ থাকলে তা বাস্তবায়নে উভয়পক্ষের যে কোন পক্ষ উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে এই চুক্তি বাতিল করতে পারবে।

৮.০ উপরে বর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে কর্মসংস্থান ব্যাংক এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয় এ স্মারকের অন্যান্য শর্তাবলি পরিপালন সাপেক্ষে একমত পোষণ করত অদ্য .১৮.১১.২০২০...... তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলেন।

(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়,
০১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০

**প্রথম পক্ষ**

(মোঃ মোশ্‌তাক হাসান, এনডিসি)
চেয়ারম্যান
ও
অতিরিক্ত সচিব
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

**দ্বিতীয় পক্ষ**

সাক্ষী:

১। .......................................
[illegible] সুলতানা
অতিরিক্ত সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২। .......................................
.......................................
(শেখ মোঃ জামিনুর রহমান)
উপব্যবস্থাপনা পরিচালক
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

সাক্ষী:

১। অখিল রঞ্জন তরফদার
মহাব্যবস্থাপক

২। .......................................
.......................................
(জি, এম, রব্বানী তালুকদার)
ব্যবস্থাপক
ঋণ প্রশাসন বিভাগ
বিসিক, ঢাকা